

## ❏ রিয়াযুস স্বা-লিহীন (রিয়াদুস সালাহীন)

হাদিস নাম্বারঃ ৩৭৭ [আন্তর্জাতিক নাম্বারঃ ৩৭২]

বিবিধ (كتاب المقدمات)

পরিচ্ছেদঃ ৪৫ : ভাল লোকদের সাথে সাক্ষাৎ করা, তাঁদের সাহচর্য গ্রহণ করা, তাঁদেরকে ভালবাসা, তাঁদেরকে বাড়িতে দাওয়াত দেওয়া, তাঁদের কাছে দো‘আ চাওয়া এবং বরকতময় স্থানসমূহের দর্শন

بَابُ زِيَارَةِ أَهْلِ الْخَيْرِ وَمُجَالَسَتِهِمْ وَصُحْبَتِهِمْ وَمَحَبَّتِهِمْ وَطَلَبِ زِيَارَتِهِمْ وَالِدَعَاءِ مِنْهُمْ  
وَزِيَارَةِ الْمَوَاضِعِ الْفَاضِلَةِ - (45)

আরবী

وَعَنْ أُسَيْرِ بْنِ عَمْرِو، وَيُقَالُ : ابْنِ جَابِرٍ، قَالَ : كَانَ عُمَرُ بْنُ الْخَطَّابِ رَضِيَ اللَّهُ عَنْهُ إِذَا أَتَى عَلَيْهِ أَمْدَادُ أَهْلِ الْيَمَنِ سَأَلَهُمْ : أَفِيكُمْ أُوَيْسُ بْنُ عَامِرٍ ؟ حَتَّى أَتَى عَلَى أُوَيْسٍ رَضِيَ اللَّهُ عَنْهُ، فَقَالَ لَهُ : أَنْتَ أُوَيْسُ ابْنِ عَامِرٍ ؟ قَالَ : نَعَمْ، قَالَ : مِنْ مُرَادٍ ثُمَّ مِنْ قَرْنٍ ؟ قَالَ : نَعَمْ . قَالَ : فَكَانَ بِكَ بَرَصٌ، فَبَرَأْتَ مِنْهُ إِلَّا مَوْضِعَ دِرْهَمٍ ؟ قَالَ : نَعَمْ . قَالَ : لَكَ وَالِدَةٌ ؟ قَالَ : نَعَمْ . قَالَ : سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ، يَقُولُ : «يَأْتِي عَلَيْكُمْ أُوَيْسُ بْنُ عَامِرٍ مَعَ أَمْدَادِ أَهْلِ الْيَمَنِ مِنْ مُرَادٍ، ثُمَّ مِنْ قَرْنٍ كَانَ بِهِ بَرَصٌ، فَبَرَأَ مِنْهُ إِلَّا مَوْضِعَ دِرْهَمٍ، لَهُ وَالِدَةٌ هُوَ بِهَا بَرٌّ لَوْ أَقْسَمَ عَلَى اللَّهِ لِأَبْرَهُ، فَإِنْ اسْتَطَعْتَ أَنْ يَسْتَغْفِرَ لَكَ فافْعَلْ» فَاسْتَغْفِرُ لِي فَاسْتَغْفَرَ لَهُ، فَقَالَ لَهُ عُمَرُ : أَيْنَ تُرِيدُ ؟ قَالَ : الْكُوفَةَ، قَالَ : أَلَا أَكْتُبُ لَكَ إِلَى عَامِلِهَا ؟ قَالَ : أَكُونُ فِي غَبْرَاءِ النَّاسِ أَحَبُّ إِلَيَّ، فَلَمَّا كَانَ مِنَ الْعَامِ الْمُقْبِلِ حَجَّ رَجُلٌ مِنْ أَشْرَافِهِمْ، فَوَافَقَ عُمَرَ، فَسَأَلَهُ عَنْ أُوَيْسٍ، فَقَالَ : تَرَكْتُهُ رَثَّ الْبَيْتِ قَلِيلَ الْمَتَاعِ، قَالَ : سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ، يَقُولُ : «يَأْتِي عَلَيْكُمْ أُوَيْسُ بْنُ عَامِرٍ مَعَ أَمْدَادِ مِنْ أَهْلِ الْيَمَنِ مِنْ مُرَادٍ، ثُمَّ مِنْ قَرْنٍ، كَانَ بِهِ بَرَصٌ فَبَرَأَ مِنْهُ إِلَّا مَوْضِعَ دِرْهَمٍ، لَهُ وَالِدَةٌ هُوَ بِهَا بَرٌّ لَوْ أَقْسَمَ عَلَى اللَّهِ لِأَبْرَهُ، فَإِنْ اسْتَطَعْتَ أَنْ يَسْتَغْفِرَ لَكَ، فافْعَلْ» فَاتَى أُوَيْسًا، فَقَالَ : اسْتَغْفِرْ لِي . قَالَ : أَنْتَ أَحَدْتُ عَهْدًا بِسَفَرٍ صَالِحٍ، فَاسْتَغْفِرْ لِي . قَالَ : لَقِيتَ عُمَرَ ؟ قَالَ : نَعَمْ، فَاسْتَغْفَرَ لَهُ، فَفَطِنَ لَهُ النَّاسُ، فَانْطَلَقَ عَلَى وَجْهِهِ . رواه مسلم

وَفِي رِوَايَةٍ لِمُسْلِمٍ أَيْضًا عَنْ أُسَيْرِ بْنِ جَابِرٍ رَضِيَ اللَّهُ عَنْهُ : أَنَّ أَهْلَ الْكُوفَةِ وَقَدُّوا عَلَى عُمَرَ رَضِيَ اللَّهُ عَنْهُ، وَفِيهِمْ رَجُلٌ مِمَّنْ كَانَ يَسْخَرُ بِأُوَيْسٍ، فَقَالَ عُمَرُ : هَلْ هَاهُنَا أَحَدٌ مِنَ الْقَرَنِيِّينَ ؟ فَجَاءَ ذَلِكَ الرَّجُلُ، فَقَالَ عُمَرُ : إِنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَدْ قَالَ : إِنَّ رَجُلًا يَأْتِيكُمْ مِنَ الْيَمَنِ يُقَالُ لَهُ : أُوَيْسٌ، لَا يَدْعُ بِالْيَمَنِ غَيْرَ أُمِّ لَهُ، قَدْ كَانَ بِهِ بَيَاضٌ فَدَعَا اللَّهُ تَعَالَى، فَأَذْهَبَهُ إِلَّا مَوْضِعَ الدِّينَارِ أَوْ الدِّرْهِمِ، فَمَنْ لَقِيَهُ مِنْكُمْ، فَلْيَسْتَغْفِرْ لَكُمْ

وَفِي رِوَايَةٍ لَهُ : عَنْ عُمَرَ رَضِيَ اللَّهُ عَنْهُ، قَالَ : إِنِّي سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ : إِنَّ خَيْرَ التَّابِعِينَ رَجُلٌ يُقَالُ لَهُ : أُوَيْسٌ، وَلَهُ وَالِدَةٌ وَكَانَ بِهِ بَيَاضٌ، فَمُرُوهُ، فَلْيَسْتَغْفِرْ لَكُمْ

বাংলা

১৪/৩৭৭। উসাইর ইবনু 'আমর মতান্তরে ইবনু জাবের থেকে বর্ণিত, উমার রাদিয়াল্লাহু 'আনহু-এর নিকট যখনই ইয়ামান থেকে সহযোগী যোদ্ধারা আসতেন, তখনই তিনি তাঁদেরকে জিজ্ঞেস করতেন, 'তোমাদের মধ্যে কি উয়াইস ইবনু 'আমের আছে?' শেষ পর্যন্ত (এক দলের সঙ্গে) উয়াইস (ক্বারনী) রাদিয়াল্লাহু 'আনহু (মদীনা) এলেন। অতঃপর উমার রাদিয়াল্লাহু 'আনহু তাঁকে জিজ্ঞেস করলেন, 'তুমি কি উয়াইস ইবনু আমের?' তিনি বললেন, 'হ্যাঁ।'

উমার রাদিয়াল্লাহু 'আনহু বললেন, 'মুরাদ (পরিবারের) এবং ক্বার্ন (গোত্রের)?' উয়াইস বললেন, 'হ্যাঁ।' তিনি (পুনরায়) জিজ্ঞেস করলেন, 'তোমার শরীরে শ্বেত রোগ ছিল, তা এক দিরহাম সম জায়গা ব্যতীত (সবই) দূর হয়ে গেছে?' উয়াইস বললেন, 'হ্যাঁ।' তিনি বললেন, 'তোমার মা আছে?' উয়াইস বললেন, 'হ্যাঁ।' তিনি বললেন, 'আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে বলতে শুনেছি, "মুরাদ (পরিবারের) এবং ক্বার্ন (গোত্রের) উয়াইস ইবনু আমের ইয়ামানের সহযোগী ফৌজের সঙ্গে তোমাদের কাছে আসবে। তার দেহে ধবল দাগ আছে, যা এক দিরহাম সম স্থান ছাড়া সবই ভাল হয়ে গেছে।

সে তার মায়ের সাথে সদাচারী হবে। সে যদি আল্লাহর প্রতি কসম খায়, তবে আল্লাহ তা পূরণ করে দেবেন। সুতরাং (হে উমার!) তুমি যদি নিজের জন্য তাকে দিয়ে ক্ষমাপ্রার্থনার দো'আ করাতে পার, তাহলে অবশ্যই করবে।" সুতরাং তুমি আমার জন্য (আল্লাহর কাছে) ক্ষমা প্রার্থনা কর।'

শোনামাত্র উয়াইস উমারের জন্য ক্ষমাপ্রার্থনা করলেন। অতঃপর উমার তাঁকে বললেন, 'তুমি কোথায় যাবে?' উয়াইস বললেন, 'কূফা।' তিনি বললেন, 'আমি কি তোমার জন্য সেখানকার গভর্নরকে পত্র লিখে দেব না?'

উয়াইস বললেন, 'আমি সাধারণ গরীব-মিসকীনদের সাথে থাকতে ভালবাসি।'

অতঃপর যখন আগামী বছর এল তখন কূফার সম্ভ্রান্ত ব্যক্তিদের মধ্যে একজন হজ্জে এল। সে উমার রাদিয়াল্লাহু 'আনহু-এর সঙ্গে সাক্ষাৎ করলে তিনি তাকে উয়াইস সম্পর্কে জিজ্ঞেস করলেন। সে বলল, 'আমি তাঁকে এই অবস্থায় ছেড়ে এসেছি যে, তিনি একটি ভগ্ন কুটির ও স্বল্প সামগ্রীর মালিক ছিলেন।' উমার রাদিয়াল্লাহু 'আনহু বললেন, 'আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে বলতে শুনেছি, "মুরাদ (পরিবারের) এবং ক্বার্ন (গোত্রের) উয়াইস ইবনু আমের ইয়ামানের সহযোগী ফৌজের সঙ্গে তোমাদের নিকট আসবে। তার দেহে ধবল রোগ আছে, যা এক দিরহামসম স্থান ছাড়া সবই ভালো হয়ে গেছে। সে তার মায়ের সাথে সদাচারী (মা-ভক্ত) হবে। সে যদি আল্লাহর উপর কসম খায়, তাহলে আল্লাহ তা পূর্ণ করে দেবেন। যদি তুমি তোমার জন্য তার দ্বারা ক্ষমাপ্রার্থনার দো'আ করতে পার, তাহলে অবশ্যই করবে।"

অতঃপর সে (কূফার লোকটি হজ্জ সম্পাদনের পর) উয়াইস (ক্বার্নীর) নিকট এল এবং বলল, 'আপনি আমার জন্য ক্ষমা প্রার্থনা করুন।' উয়াইস বললেন, 'তুমি এক শুভযাত্রা থেকে নব আগমন করেছে। অতএব তুমি আমার জন্য ক্ষমা প্রার্থনা কর।' অতঃপর তিনি বললেন, 'তুমি উমারের সঙ্গে সাক্ষাৎ করেছ?' সে বলল, 'হ্যাঁ।' সুতরাং উয়াইস তার জন্য ক্ষমাপ্রার্থনা করলেন। (এসব শুনে) লোকেরা (উয়াইসের) মর্যাদা জেনে নিল। সুতরাং তিনি তার সামনের দিকে (অন্যত্র) চলে গেলেন। (মুসলিম)

মুসলিমের অন্য এক বর্ণনায় উসাইর ইবনু জাবের রাদিয়াল্লাহু 'আনহু থেকেই বর্ণিত, কূফার কিছু লোক উমার রাদিয়াল্লাহু 'আনহু-এর নিকট এল। তাদের মধ্যে একটি লোক ছিল, সে উয়াইসের সাথে উপহাস করত। উমার রাদিয়াল্লাহু 'আনহু জিজ্ঞেস করলেন, 'এখানে ক্বার্ন গোত্রের কেউ আছে কি?'

অতঃপর ঐ ব্যক্তি এল। উমার রাদিয়াল্লাহু 'আনহু বললেন, 'রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, "তোমাদের নিকট ইয়ামান থেকে উয়াইস নামক একটি লোক আসবে। সে ইয়ামানে কেবলমাত্র তার মা-কে রেখে আসবে। তার দেহে ধবল রোগ ছিল। সে আল্লাহর কাছে দো'আ করলে আল্লাহ তা এক দ্বীনার অথবা এক দিরহাম সম স্থান ব্যতীত সবই দূর করে দিয়েছেন। সুতরাং তোমাদের কারো যদি তার সাথে সাক্ষাৎ হয়, তাহলে সে যেন তোমাদের জন্য ক্ষমা প্রার্থনা করে।"

অন্য এক বর্ণনায় আছে, উমার রাদিয়াল্লাহু 'আনহু বলেন, 'আমি আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর নিকট শুনেছি, তিনি বলেছেন, "সর্বশ্রেষ্ঠ তাবেঈন হল এক ব্যক্তি, যাকে উয়াইস বলা হয়। তার মা আছে। তার ধবল রোগ ছিল। তোমরা তাকে আদেশ করো, সে যেন তোমাদের জন্য (আল্লাহর নিকট) ক্ষমাপ্রার্থনা করে।"

[1]

## English

(45) Chapter: Visiting the Pious Persons, loving them and adoption of their company

Usair bin 'Amr (Ibn Jabir) reported:

When delegations from Yemen came to the help of (the Muslim army at the

time of Jihad) 'Umar (May Allah be pleased with him) would ask them, "Is there Owais bin 'Amir amongst you?" (He continued searching him) until he met Owais (May Allah be pleased with him). He said, "Are you Owais bin 'Amir?" He said, "Yes". 'Umar asked, "Are you from the Qaran branch of the tribe of Murad?" He said, "Yes". He 'Umar (May Allah be pleased with him) again said, "Did you suffer from leucoderma and then you were cured from it but for the space of a dirham?" He said, "Yes". He 'Umar (May Allah be pleased with him) said, "Is your mother still alive?" He said, "Yes". He 'Umar (May Allah be pleased with him) said, "I heard Messenger of Allah (ﷺ) saying, 'There would come to you Owais bin 'Amir with the reinforcement from the people of Yemen. He would be from Qaran (the branch) of Murad. He had been suffering from leucoderma from which he was cured but for a spot of a dirham. He has a mother to whom he is very dutiful. If he were to take an oath in the Name of Allah, Allah would fulfill his oath. And if it is possible for you, ask him to ask forgiveness for you.' So, ask forgiveness for me". He Owais (May Allah be pleased with him) did so. 'Umar (May Allah be pleased with him) then said, "Where do you intend to go?" He said, "To Kufah." He 'Umar (May Allah be pleased with him) said, "Let me write a letter for you to its governor," whereupon he Owais (May Allah be pleased with him) said, "I love to live amongst the poor people". The following year, a person from among the elite (of Kufah) performed Hajj and he met 'Umar (May Allah be pleased with him). 'Umar (May Allah be pleased with him) asked him about Owais (May Allah be pleased with him). He said, "I left him in a state with meagre means of sustenance in a decayed house." (Thereupon) 'Umar (May Allah be pleased with him) said, "I heard Messenger of Allah (ﷺ) saying, 'There would come to you Owais bin 'Amir of Qaran, a branch (of the tribe) of Murad, along with the reinforcement of the people of Yemen. He had been suffering from leucoderma which would have been cured but for the space of a dirham. He has a mother to whom he is very dutiful. Were he to swear, trusting Allah, for something, Allah would fulfill his oath. If you can ask him to pray for forgiveness for you, do so". This man went to Owais (May Allah be pleased with him) and asked him to pray for forgiveness for him. Owais (May Allah be pleased with him) said to him, "You have just returned from a blessed journey, it is you who should pray for forgiveness for me; and did you meet 'Umar?" The man said, "Yes". 'Owais (May Allah be pleased with him) then prayed for forgiveness for him. People became aware of the high status of Owais (May Allah be pleased with him) and he set out following his course.

[Muslim].

Another narration is: A delegation from Kufah came to 'Umar (May Allah be

pleased with him). Among them was one who used to make fun of Owais (May Allah be pleased with him). 'Umar (May Allah be pleased with him) enquired, "Is there anyone among you who is from Qaran?" So this man stepped forward. Then 'Umar (May Allah be pleased with him) said, "I heard Messenger of Allah (ﷺ) saying, 'A man will come to you from Yemen named Owais. He will have left in the Yemen only his mother. He was suffering from leucoderma and prayed to Allah to be cured of it. So he was cured except for a space of the size of a dinar or a dirham. Whoever of you should meet him should ask him to pray for forgiveness for him.'"

Another narration is: 'Umar (May Allah be pleased with him) said: "I heard Messenger of Allah (ﷺ) saying, 'The best one of the next generation (At-Tabi'un) is a man called Owais, he will have a mother and he will be suffering from leucoderma. Go to him and ask him to pray for forgiveness for you".

[Muslim].

Commentary:

1. This Hadith is one of the clear miracles of the Prophet (PBUH) because he not only told the name of Owais (May Allah be pleased with him) but also some of his special qualities and characteristics which tallied with the description given by him.
2. It tells the virtues of simplicity, and anonymity.
3. The merit of nice treatment to mother.
4. This Hadith is also a proof on Owais being the best of the successors to the Prophet's Companions (i.e., AtTabi`un).
5. The humbleness of `Umar (May Allah be pleased with him) and his desire for goodness despite being in the position of the Leader of the Believers.

ফুটনোট

[1] মুসলিম ২৫৪২, আহমাদ ২৬৮, দারেমী ৪৩৯

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন □ বর্ণনাকারীঃ উসায়র ইবনু জাবির (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=22808>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন